গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-৬৪০-বিচার-৩/১টি-০২/২০১২, তারিখঃ-২২/১১/১৫খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে মুন্সীগঞ্জের অতিরিক্ত জেলা ও দায়রা জজ, জনাব এ,কে,এম, মোজাম্মেল হক চৌধুরী-কে ২০১৫ সালে দেওয়ানী আদালত অবকাশকালীন সময়ে সার্কিট ডিউটি করন হতে অব্যাহতি প্রদান করতঃ তাঁর স্থলে ঢাকার অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব এস,এম, সাইফুল ইসলাম-কে দেওয়ানী আদালত অবকাশকালীন সময়ে মুন্সীগঞ্জ জেলায় সার্কিট ডিউটি করনের নিমিত্ত (সংশ্লিষ্ট জেলার জেলা জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বিশেষ জজ, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, পরিবেশ আপীল আদালত ও সাইবার ট্রাইব্যুনালসহ) জরুরী দেওয়ানী ও ফৌজদারী মামলা সমূহ গ্রহণ এবং উহা হতে উদ্ভূত জরুরী বিষয় সমূহ শুনানী ও নিষ্পত্তি করার জন্য অবকাশকালীন জজ নিয়োগ করা হল।

২। উল্লিখিত কর্মকর্তা-কে উক্ত অবকাশকালীন সময়ে ফৌজদারী কার্যবিধির ৪৩৫ ধারার অধীন পুনর্বিবেচনার দরখাস্ত ব্যতীত সকল ফৌজদারী দরখাস্ত ও মামলা গ্রহণ এবং নিষ্পত্তি করার জন্য ফৌজদারী কার্যবিধির ১৯৩(২) ধারার অধীন ক্ষমতা প্রদান করণ এবং তাঁকে উক্ত অবকাশকালীন সময় সংশ্লিষ্ট জেলা সদর দপ্তরে আসন গ্রহণ করার জন্য ফৌজদারী কার্যবিধির ৯(৪) ধারার ক্ষমতা প্রদান করা হল।

৩। উক্ত বিচারক-কে অবকাশকালীন সময়ে The civil court Act, 1887 (Act no. X11 of 1887) ধারা ১৪ ও ৩৬ অনুযায়ী সংশ্লিষ্ট জেলার অধিক্ষেত্রের জেলা সদরে আসন গ্রহণ করে জরুরী দেওয়ানী মামলা গ্রহণ ও উহা হতে উদ্ভূত জরুরী বিষয়ে শুনানী ও নিষ্পত্তি করার এবং শিশু আইন-২০১৩ এর আওতায় গঠিত শিশু আদালতের কার্যক্রম পরিচালনা করার ক্ষমতা প্রদান করা হল।

৪। সংশ্লিষ্ট কর্মকর্তা বিধিমোতাবেক টি,এ/ডি,এ প্রাপ্ত হবেন।

স্বাঃ/-
( বিকাশ কুমার সাহা )
উপ-সচিব(প্রশাসন-১)
ফোন-৯৫৪০৮৮৬।

নং-৬৪০/১(১৫)-বিচার-৩/১টি-০২/২০১২, তারিখঃ-২২/১১/১৫খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ, ঢাকা/মুন্সীগঞ্জ।
প্রশাসনিক কারণে জেলা জজের কার, টেলিফোন ও অফিস চেম্বার ব্যবহারের নিমিত্ত সার্কিট ডিউটিতে নিয়োজিত কর্মকর্তাগণ-কে বিশেষ সুযোগ প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা জজ-কে অনুরোধ করা হল।
৩। জনাব এ,কে,এম, মোজাম্মেল হক চৌধুরী, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, মুন্সীগঞ্জ।
৪। জনাব এস,এম, সাইফুল ইসলাম, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ঢাকা।
৫। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইব্যুনাল, মুন্সীগঞ্জ।
৬। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
৭। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
৮। সিনিয়র সহকারী সচিব,১/২/৪/৫/৮, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৯। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১০। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
উপরের বিজ্ঞপ্তি বাংলাদেশ গেজেটে প্রকাশ করিতে অনুরোধ করিতেছি।
১৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মুন্সীগঞ্জ।

২২/১১/১৫
(মোঃ নুরুল আলম সিদ্দীক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১।